# জেলা পরিষদ
# রাজশাহী
www.zprajshahi.gov.bd

স্মারক নং- ৪৬.০০.৮১০০.০০০.১৬.০০১.২০২৫. ১৪০ | তারিখ ঃ ৩০ চৈত্র ১৪৩১ / ১৩ এপ্রিল ২০২৫

**বিষয় ঃ শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলা পরিষদ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা ২০২৪ সালের এসএসসি/সমমান এবং ২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ব্যাপক প্রচারের স্বার্থে উক্ত শিক্ষাবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা প্রয়োজন।

অতএব, শিক্ষাবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

**সংযুক্তি ঃ ১**। শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি- ০৫ (পাঁচ) কপি।

১৩/৪/২৫


মু: রেজা হাসান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রাজশাহী।
ফোন ০৭২১-৭৭৬৩৪৮ (অফিস)
ইমেইলঃ zprajshahi@gmail.com


অধ্যক্ষ
রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী।

জেলা পরিষদ
রাজশাহী
www.zprajshahi.gov.bd

স্মারক নং- ৪৬.০০.৮১০০.০০০.৩৬.০০১.২০২৫.৯৫ তারিখঃ ১৮.০৩.২০২৫ খ্রি.।

# এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলা পরিষদ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত রাজশাহী জেলার **স্থায়ী বাসিন্দা** ২০২৪ সালের এসএসসি/সমমান এবং ২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী ঃ

১. আবেদনকারী ছাত্র/ছাত্রী কে অবশ্যই রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০২৪ সালের এসএসসি/সমমান এবং ২০২৪ সালের এইচএসসি/সমমান পর্যায়ে জিপিএ ৫.০০ থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধাগণের সন্তান/প্রতিবন্ধী প্রার্থী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে কমপক্ষে জিপিএ ৪.০০ থাকতে হবে।

৩. বীর মুক্তিযোদ্ধার সন্তানের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি, প্রতিবন্ধী প্রার্থীর জন্য সমাজসেবা কার্যালয় থেকে প্রদত্ত সনদের সত্যায়িত কপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর জন্য জেলা প্রশাসকের কার্যালয় প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪. বৃত্তির আবেদন ফরম জেলা পরিষদ, রাজশাহীর ওয়েবসাইট https://zprajshahi.gov.bd/zpr/apply এর মাধ্যমে অনলাইনে পূরণ করতে হবে এবং পূরণকৃত ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।

৫. স্বাক্ষরকৃত ফরমের সাথে আবেদকারী ছাত্র/ছাত্রীর নিম্নোক্ত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

ক) এসএসসি/সমমান, ২০২৪ অথবা এইচএসসি/সমমান, ২০২৪ পরীক্ষার নম্বরপত্রের (মার্কশীট) ফটোকপি;

খ) এসএসসি/সমমান, ২০২৪ অথবা এইচএসসি/সমমান, ২০২৪ পরীক্ষার সনদপত্র (সার্টিফিকেট)/রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্রের ফটোকপি;

গ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত স্থায়ী নাগরিত্বের সনদপত্র;

ঘ) পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি;

ঙ) বীর মুক্তিযোদ্ধাগণের সন্তান/প্রতিবন্ধী প্রার্থী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সনদের সত্যায়িত ফটোকপি;

৬. অনলাইনে পূরণকৃত বৃত্তি ফরমের (স্বাক্ষরকৃত) সাথে অন্যান্য কাগজ-পত্রাদি সংযুক্ত করে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী বরাবর সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। অনলাইনে আবেদন শুরুর তারিখ ০৬.০৪.২০২৫ এবং আবেদনের শেষ তারিখ ০৮.০৫.২০২৫ খ্রি.।

৭. আবেদনপত্রে ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে বা অসম্পূর্ণ আবেদনপত্র দাখিল করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. কর্তৃপক্ষ উল্লিখিত শর্তসমূহ ছাড়া যে কোনো শর্ত সংযোজন/সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। শিক্ষাবৃত্তি সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য যোগাযোগঃ zprajshahi@gmail.com বা মোবাইল নং ০১৬৩৭-৭৫৭৪২৪/০১৭১৭-০০৮৩৫৯ (সকাল ৯ টা হতে বিকেল ৫ টা)।

মুঃ রেজা হাসান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রাজশাহী।
ফোন ০৭২১-৭৭৬৩৪৮ (অফিস)
ইমেইলঃ zprajshahi@gmail.com